# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ৬২৭(৮)/৩য়-১৮/সংস্থাপন স্মারকে গঠিত "অভিযোগ প্রতিকার ব্যবস্থা" (G.R.S) কার্যক্রম পরিচালনা কমিটি" অত্র শিক্ষা বোর্ডের অভিযোগ প্রতিকার ও ব্যবস্থা (G.R.S) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নিয়ে অদ্য ১০/০১/২০২৪ তারিখ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় শিক্ষা বোর্ডের উপ পরিচালক (হি: নি:), জনাব মো: বাদশা হোসেন এর অফিস কক্ষে ৩য় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত উপ পরিচালক (হি: নি:) জনাব মো: বাদশা হোসেন। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ**

| ক্র:নং | নাম ও পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব লিটন সরকার, উপ-কলেজ পরিদর্শক (দায়িত্ব প্রাপ্ত)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ফোকাল পয়েন্ট | ১০/০১/২৪ |
| ২. | জনাব মো: নেসার উদ্দীন আহম্মদ উপ সচিব (প্রশাসন)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | বিকল্প ফোকাল পয়েন্ট | ১০/০১/২৪ |
| ৩. | জনাব মো: জাহিদুর রহিম, উপ পরীক্ষা নিয়ন্ত্রক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | |
| ৪. | জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তা<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | ১০/০১/২৪ |

আলোচ্য বিষয়-১ : অভিযোগ প্রতিকার ব্যবস্থার অভিযোগ নিস্পত্তি প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-১ : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অভিযোগ কর্মকর্তা (অনিক) ডিসেম্বর/২০২৩ মাসে GRS পদ্ধতিতে অনলাইনে দায়েরকৃত মোট ০৩ (তিন) টি অভিযোগের মধ্যে ০৩ (তিন)টি নিস্পত্তি করেছেন। এখানে উল্লেখ্য যে ০১ (এক)টি অভিযোগ অনলাইনে সময় অতিক্রান্ত দেখাচ্ছে যা অনলাইনে নিস্পত্তি করা সম্ভব হচ্ছে না কিন্তু অভিযোগটি অফলাইনে নিস্পত্তি করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে দাখিলকৃত কোন অভিযোগ নিস্পত্তির প্রক্রিয়া চলমান নাই। অপরদিকে জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত অনলাইনে সর্বমোট দাখিলকৃত মোট ২৭ টি অভিযোগের সবগুলো অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। পরবতীর্তে দাখিলকৃত সকল অভিযোগ যথা সময়ে নিস্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য বিষয়-২ : প্রশিক্ষনের বিষয় সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-২ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষণ বিষয়ে বিশদ আলোচনা শেষে এই সিদ্ধান্ত গ্রহন করা হয় যে আগামী ২২/০১/২০২৪ তারিখ সোমবার সকাল ১০.৩০ টা হতে দিন ব্যাপি প্রশিক্ষণ, বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের জন্য মোট ২০ (বিশ) জন প্রশিক্ষনার্থীর নামের তালিকা করা প্রয়োজন। অত্র শিক্ষা বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে প্রশিক্ষনার্থী হিসেবে ২০ (বিশ) জনের চূড়ান্ত নামের তালিকা প্রনয়নের জন্য বোর্ডের সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়-৩ : প্রশিক্ষক বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৩ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষণকালীন সময়ে দুজন প্রশিক্ষক থাকবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়। এদের মধ্যে একজন বহিরাগত প্রশিক্ষক এবং একজন অভ্যন্তরীন প্রশিক্ষক।

০১। বহিরাগত প্রশিক্ষক থাকবেন জনাব আ.ত.ম. আব্দুল্লাহেল বাকী
সহকারী পরিচালক (প্রশাসন), সিনিয়র সহকারী সচিব,আরপিএটিসি, রাজশাহী।

০২। অভ্যন্তরীন প্রশিক্ষক থাকবেন জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম,
সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের পত্র দিয়ে জানানোর জন্য সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো। সেই সাথে উক্ত তারিখে প্রশিক্ষণ কর্মশালায় অত্র বোর্ডের সচিব ও চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতি সহ অবহিতকরণের অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি-৪ : প্রশিক্ষণ পরিচালনা ব্যয় নির্ধারণ বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-৪ সংস্থাপন শাখার স্বারক নম্বর- ৮৭৪(৯)/১ম-৭২/সং (৩য়) তারিখ:- ০২/১২/২০২১ প্রস্তাব মোতাবেক প্রশিক্ষণ পরিচালনার খাতওয়ারী সম্ভব্য ব্যয়ের হিসাব নিম্নরুপ:

| ক্র: নং | ব্যয়ের খাত | পরিমান | দিন/সময় | টাকার পরিমান | মোট টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | অভ্যান্তরীণ প্রশিক্ষক | ১জন | ১দিন | ১৫০০.০০ | ১৫০০.০০ |
| ২ | বহিরাগত প্রশিক্ষক | ১জন | ১দিন | ২০০০.০০ | ২০০০.০০ |
| ৩ | প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী | ২০জন | ১দিন | ৮০০.০০ | ১৬০০০.০০ |
| ৪ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী কর্মচারী | ৪জন | ১দিন | ৪০০.০০ | ১৬০০.০০ |
| ৫ | প্রশিক্ষণ কাজে সহায়তাকারী কর্মকর্তা | ২জন | ১দিন | ৪০০.০০ | ৮০০.০০ |
| ৬ | অন্যান্য খরচ (খাতা, কলম, প্যাড) | ৩০জন | ১দিন | ৭০.০০ | ২১০০.০০ |
| ৭ | প্রধান অতিথি-১জন (চেয়াম্যান মহোদয়) | ১জন | ১দিন | ৩০০০.০০ | ৩০০০.০০ |
| ৮ | বিশেষ অতিথি-১জন (সচিব মহোদয়) | ১জন | ১দিন | ২০০০.০০ | ২০০০.০০ |
| ০৯ | কমিটির আহবায়ক | ১জন | ১দিন | ১০০০.০০ | ১০০০.০০ |
| ১০ | কমিটির সদস্য | ৪জন | ১দিন | ৮০০.০০ | ৩২০০.০০ |
| ১১ | সকালের নাস্তা | ৫০জন | ১দিন | ৮৫.০০ | ৪২৫০.০০ |
| ১২ | দুপুরের খাবার | ৫০জন | ১দিন | ২৮৫.০০ | ১৪২৫০.০০ |
| ১৩ | প্রজেক্টর ভাড়া | ১টি | ১দিন | ১৫০০.০০ | ১৫০০.০০ |
| ১৪ | ব্যানার তৈরি | ১টি | ১টি | ৯০০.০০ | ৯০০.০০ |
| ১৫ | গেজেট ফটো কপি ও বই বাঁধাই | ৩০ সেট | | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| | | | | সর্বমোট= | ৫৪৩৫০.০০ |
| কথায়: চুয়ান্ন হাজার তিনশত পঞ্চাশ টাকা মাত্র। | | | | | |

আলোচ্য বিষয়-৫ : প্রশিক্ষণের ব্যয় নির্ধানের জন্য অগ্রীম গ্রহণ

সিদ্ধান্ত-৫ : ২২/০১/২০২৪ তারিখ প্রশিক্ষণ ও অন্যান্য ব্যয় বাবদ= ৫৪৩৫০/-(চুয়ান্ন হাজার তিনশত পঞ্চাশ) টাকা অগ্রীম গ্রহণের জন্য কমিটির সদস্য জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক আয় কর ও ভ্যাট কর্তন পূর্বক অর্থ ব্যয় করে ভাউচারের মাধ্যমে অগ্রীম টাকা সমন্বয় করবেন।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২০/০৩/২৪

জনাব মো: বাদশা হোসেন
আহ্বায়ক
অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জি আর এস)
পরিচালনা কমিটি
ও
উপ-পরিচালক (হি:নি:)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী